সারাদেশ

# ব্রাহ্মণবাড়িয়া কারাগারে হত্যা মামলার আসামির মৃত্যু

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: সোমবার, ০৭ সেপ্টেম্বর ২০২৬, ০৮:৩৪ PM



ব্রাহ্মণবাড়িয়ার সরাইলে কিশোর রায়হান (১৫) হত্যা মামলার এজাহারভুক্ত আসামি হোসেন আলী (৫০) কারাগারে মারা গেছেন।

শনিবার (৫ সেপ্টেম্বর) সন্ধ্যা সাড়ে ৭টার দিকে ব্রাহ্মণবাড়িয়া জেলা কারাগারে অসুস্থ হয়ে পড়লে তাঁকে ২৫০ শয্যাবিশিষ্ট ব্রাহ্মণবাড়িয়া জেনারেল হাসপাতালে নেওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।

হোসেন আলী সরাইল সদর ইউনিয়নের সৈয়দটুলা গ্রামের উত্তরপাড়ার অহাদ আলীর ছেলে। গত ৩ সেপ্টেম্বর আদালতে আত্মসমর্পণ করলে আদালত তাঁকে রায়হান হত্যা মামলায় কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

কারাগার ও পুলিশ সূত্রে জানা গেছে, শনিবার সন্ধ্যায় হোসেন আলী অসুস্থ হয়ে পড়লে কারারক্ষী সাইফুল ইসলাম তাঁকে হাসপাতালে নিয়ে যান। পরে জরুরি বিভাগের চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন।

হোসেন আলীর ছেলে ইয়াসিন বলেন, তাঁর বাবা মামলায় হাজিরা দিতে আদালতে গিয়েছিলেন। সেখানে ছয়জন জামিনের আবেদন করেন। আদালত তাঁদের জামিন আবেদন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

ব্রাহ্মণবাড়িয়া জেলা কারাগারের সুপার মো. মজিবুর রহমান মজুমদার বলেন, "একজন হাজতি মারা গেছেন। তিনি একটি হত্যা মামলার আসামি ছিলেন। মরদেহ হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। নির্বাহী ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে সুরতহাল করা হবে। এরপর ময়নাতদন্ত শেষে নিয়ম অনুযায়ী মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হবে।"

কারা কর্তৃপক্ষ জানিয়েছে, হোসেন আলীর মৃত্যুর ঘটনায় আইনগত প্রক্রিয়া চলমান রয়েছে।

উল্লেখ্য, গত ৩০ মে গভীর রাতে সরাইল সদর ইউনিয়নের সৈয়দটুলা গ্রামের উত্তরপাড়ায় মাদক কেনাবেচাকে কেন্দ্র করে দুই পক্ষের সংঘর্ষে রায়হান (১৫) নিহত হয়। এ ঘটনায় করা হত্যা মামলায় হোসেন আলী এজাহারভুক্ত আসামি ছিলেন।

---

## এ বিভাগের আরও খবর




**ব্রাহ্মণবাড়িয়ায় কনসার্ট ইস্যুতে সমঝোতা, মানতে হবে যে শর্ত**
ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের নবীনবরণ উপলক্ষে কনসার্ট আয়োজনকে কেন্দ্র করে সৃষ্ট বিরোধের অবসান হয়েছে। শনিবার (১৩ সেপ্টেম্বর) সন্ধ্যায় ব্রাহ্মণ...



**আশুগঞ্জে রুমিন ফারহানাকে অবাঞ্ছিত ঘোষণা, বিএনপির ঝাড়ু মিছিল**
জাতীয় সংসদে বিএনপির সমালোচনা করে দেওয়া বক্তব্যের প্রতিবাদে ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্বতন্ত্র সংসদ সদস্য ব্যারিস্টার...



### তিতাস নদীর তীরে গ্রাম-বাংলার ঐতিহ্যবাহী নৌকা বাইচ উপভোগে অর্ধ লক্ষাধিক মানুষ

ভাদ্রের তপ্ত রোদ উপেক্ষা করে ব্রাহ্মণবাড়িয়ার তিতাস নদীর দুই তীরে জড়ো হন অর্ধ লক্ষাধিক মানুষ। তাঁদের করতালি ও উচ্ছ্বাসে মুখর হয়ে ওঠে নদীর পাড়...

---




### বাংলাদেশ ইনোভেশন ফেয়ারে বেরোবির চার উদ্ভাবনী গবেষণা প্রকল্প

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত জাতীয় পর্যায়ের বাংলাদেশ ইনোভেশন ফেয়ার ২০২৬-এ অংশ নিয়েছে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর (...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/brahmnbadija-karagare-htja-mamlar-asamir-mritju